

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
আনসার-১ শাখা  
[www.moha.gov.bd](http://www.moha.gov.bd)

নম্বর-৪৪.০০.০০০০.০০০.১১৪.২৭.০০০১.২৫-৮২

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩  
১৪ মে ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু জনাব মোহাম্মদ আশিকুর রহমান (বিএডি-১২০১৪২), সহকারী পরিচালক (বিসিএস ৩০তম ব্যাচ), জেলা আনসার ও ডিডিপি কার্যালয়, নীলফামারী, সংযুক্ত: প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (দুদক) কর্তৃক বিশেষ মামলা নং ০৮/২০২০ [দণ্ডবিধির ১৬৫(ক) তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা] ও ০৫/২০২০-[দণ্ডবিধির ৪০৯/৪৬৭/৪৬৮/৪৭১ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা] দায়ের করা হয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৪/০২/২০১৯ তারিখের স্ব:ম: (আ-১)/অভিযোগ-১০/৯৭-৪৬/৯ স্মারকমূলে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়;


০২। যেহেতু তিনি গত ৩০/০৯/২০২০ তারিখে বিজ্ঞ বিভাগীয় বিশেষ জজ আদালত, চট্টগ্রাম হতে জামিন লাভ করেন;

০৩। যেহেতু তিনি বিজ্ঞ বিভাগীয় বিশেষ জজ আদালত, চট্টগ্রাম থেকে ২৯/০৯/২০২৫ তারিখের আদেশ নং-৩৯ এর আদেশবলে ০৮/২০২০ ও ০৫/২০২০ নং মামলা দু'টিতে বেকসুর খালাস প্রাপ্ত হয়েছেন;

০৪। সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন)-এর ৩৯(৩) ধারা মোতাবেক জনাব মোহাম্মদ আশিকুর রহমান (বিএডি-১২০১৪২), সহকারী পরিচালক (বিসিএস ৩০তম ব্যাচ), জেলা আনসার ও ডিডিপি কার্যালয়, নীলফামারী, সংযুক্ত: প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-এর ০৪/০২/২০১৯ তারিখের স্ব:ম: (আ-১)/অভিযোগ-১০/৯৭-৪৬/৯ স্মারকের সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
মনজুর মোর্শেদ চৌধুরী  
সিনিয়র সচিব

নম্বর-৪৪.০০.০০০০.০০০.১১৪.২৭.০০০১.২৫-৮২ (১/১০)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩  
১৪ মে ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০২. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪. চিফ একাউন্টস অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
০৫. জনাব .....

০৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
০৭. সিস্টেম এনালিস্ট, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
০৯. অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];
১০. যুগ্মসচিব (আনসার অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];
১১. অফিস কপি

১৪/০৭/১৬  
মনজুর মোর্শেদ চৌধুরী  
সিনিয়র সচিব